


# গুচ্ছ ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত: কবে, কোন ইউনিটে পরীক্ষা?

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০০:৫৭, ২৪ অক্টোবর ২০২৫

 গুচ্ছ ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত: কবে, কোন ইউনিটে পরীক্ষা?

ছবি: সংগৃহীত

২০২৫-২৬ শিক্ষাবর্ষের জন্য গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষার সময়সূচি ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার (২৩ অক্টোবর) বেলা সাড়ে ১১টায় রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত এক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় সিদ্ধান্ত অনুযায়ী, আগামী বছরের ২৭ মার্চ, ৩ এপ্রিল এবং ১০ এপ্রিল গুচ্ছ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এর মধ্যে— ২৭ মার্চ অনুষ্ঠিত হবে ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা, ৩

এপ্রিল ‘বি’ ইউনিটের, এবং ১০ এপ্রিল ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

তবে আবেদন শুরুর তারিখ এখনো নির্ধারিত হয়নি। ইউজিসির পক্ষ থেকে জানানো হয়েছে, পরবর্তী সভায় আবেদন প্রক্রিয়া ও অন্যান্য দিক চূড়ান্ত করা হবে।

সভায় ইউজিসির পাবলিক বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত সদস্য অধ্যাপক ড. তানজিম উদ্দিন খান স্বাগত বক্তব্য দেন। এসময় সচিব ড. মো. ফখরুল ইসলাম, এবং গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যরা উপস্থিত ছিলেন।

---